৩৬

দৈনিক ইনকিলাব

তারিখ 25 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

# বাংলাদেশ গ্রন্থাগার সমিতির জাতীয় সেমিনার ২৬ ডিসেম্বর

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি আয়োজিত তিন দিনব্যাপী জাতীয় সেমিনার ও সাধারণ সভার উদ্বোধনী অনুষ্ঠান ঢাকাস্থ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট অডিটোরিয়ামে ২৬ ডিসেম্বর ১৯৯৩ তারিখে সকাল ১০-৩০ মিনিটের পরিবর্তে সকাল ১১-৩০ মিনিটে অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার, শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মহাম্মদ ইউনুস খান, সাংস্কৃতিক বিষয়ক প্রতিমন্ত্রী, অধ্যাপিকা জাহানারা বেগম সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।